

নং ৬৪/২০২৪/কাস্টমস/৫৮০। কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড বেনাপোল স্থলবন্দরস্থ মেসার্স এম্পোরিয়াম ডিউটি ফ্রি (বন্ড লাইসেন্স নং-০২, তারিখ: ১৫-১০-২০১২) নামীয় শুল্কমুক্ত বিপণীর অনুকূলে ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথাঃ

ক্রমিক নং	বিবরণ	২০২৪-২০২৫ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার)
১	খাদ্য সামগ্রী (পিস)	৩,৬০০.০০
২	কসমেটিক্স ও টয়লেট্রিজ (পিস)	৪,৮০০.০০
৩	মদ/লিকার (লিটার)	৪৫,৬০০.০০
৪	সিগারেট (মিনি কার্টন)	৯০,০০০.০০
	মোট=	১,৪৪,০০০.০০ (এক লক্ষ চুয়াল্লিশ হাজার) মাঃ ডলার

মোঃ আল আমিন

দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

সিএ-২ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ অক্টোবর ১৪৩১ বঃ/১২ ডিসেম্বর ২০২৪ খ্রি:

নং ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৩৮৬। গত ২১ মার্চ ২০২৪ তারিখে ৩০.০০.০০০০.০১৪.১৯.০০১.২০২০-৭৯ নং স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন আংশিকভাবে সংশোধনক্রমে বাংলাদেশে কার্যরত দেশি-বিদেশি সকল এয়ারলাইন্স কর্তৃক বাংলাদেশ হতে যাত্রী ও পণ্য পরিবহনের ভাড়া নির্ধারণের ক্ষেত্রে Head Line Currency হিসেবে দেশীয় মুদ্রা অর্থাৎ বাংলাদেশি টাকা কার্যকরকরণ সম্পর্কিত প্রক্রিয়া সম্পন্নকরণের নিমিত্ত সময় বৃদ্ধি করে ১৬ জুলাই ২০২৫ তারিখ নির্ধারণ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

রোকসিন্দা ফারহানা

উপসচিব।